No. 1316 *Registered No. N. E. 930.*

TRIPURA GAZETTE

Published by Authority

EXTRAORDINARY ISSUE

Agartala, Monday, July 15, 2019 A. D. Asadha 24, 1941 S. E.

PART-- II Advertisements & Notices.

ত্রিপুরা সরকার
জেলাশাসক ও সমাহর্তা অফিস
পশ্চিম ত্রিপুরা ঃ দেবার্চন শাখা

আগরতলা, ১৫ই জুলাই, ২০১৯ ইং

৩০শে আষাঢ়, ১৪২৬ বাং

মেমো

আগামী ৫ই শ্রাবন, ১৪২৬ সন বাং (২২শে জুলাই, ২০১৯ইং) সোমবার রাত্রি ১০ ঘটিকায় কের আরম্ভ হইয়া ৭ই শ্রাবন, ১৪২৬ বাং (২৪শে জুলাই ২০১৯ ইং) বুধবার পূর্বাহ্ন ৫ ঘটিকায় কের সমাপ্ত হইবে। কেরের সীমানা নিম্নলিখিত রুপ নির্দ্ধারিত হইল।

--ঃ কেরের সীমানা নূতন হাবেলী ঃ--

১) উত্তরে ঃ রাজ অন্তপুরের উত্তর সীমানা।

২) পূর্বে ঃ রাজবাড়ীর খাসমহলের পূর্ব সীমানা হইতে বরাবর দক্ষিণ দিকে পুরাতন বিধানসভা ভবনের পশ্চিম সীমানা বরাবর রেলিং হইয়া মেইন গেইটের পশ্চিম সীমানা পর্যন্ত।

৩) দক্ষিণে ঃ দূর্গাবাড়ী দীঘির দক্ষিণ পাড়ের রেলিং ও দূর্গাবাড়ির পূর্ব সীমানার দেওয়াল এবং দক্ষিণ সীমানার দেওয়াল।

৪) পশ্চিমে ঃ দূর্গাবাড়ী পশ্চিম সীমানার দেওয়াল তৎপর উক্ত দেওয়ালের উত্তর কোণ বরাবর পশ্চিম দিকে শকুন্তলা রোডের পূর্ব সীমানা বরাবর উত্তর দিকে রাজবাড়ীর পুরাতন দেওয়াল সংযোগস্থল।

--ঃ কেরের সীমানা পুরাতন হাবেলী ঃ--

১) উত্তরে ঃ চতুর্দ্দশ দেবতা বাড়ীর সীমানার রাস্তা।

২) পুর্বে ঃ উক্ত দেবতার বাড়ীর রাস্তা।

৩) দক্ষিণে ঃ উক্ত দেবতার বাড়ীর সীমানা।

৪) পশ্চিমে ঃ উক্ত দেবতার বাড়ীর পুষ্করিণীর পশ্চিম পার।

৫) চতুর্দ্দশ দেবতার বাড়ী হইতে যে রাস্তা বরাবর পশ্চিম দিকে হাওড়া নদীর দেবতার স্নানের ঘাট পর্যন্ত।

--ঃ বর্তমান সনের কের সম্বন্ধে নিম্নলিখিত সময় নির্দ্ধারণ করা গেল ঃ--

৫ই শ্রাবন, ১৪২৬ সন বাং (২২শে জুলাই, ২০১৯ ইং) সোমবার রাত্রি ১০ ঘটিকায় কের আরম্ভ হইবে এবং তখনই তোপধ্বনি হইবে। ৬ই শ্রাবন, ১৪২৬ বাং (২৩শে জুলাই, ২০১৯ ইং) মঙ্গলবার ভোর ৫ ঘটিকায় কেরের বিশ্রাম হইবে এবং তোপধ্বনি হইবে। তৎপর পুর্বাহ্ন ১০ ঘটিকায় কের আরম্ভ হইবে এবং সন্ধ্যা ৬ ঘটিকায় কেরের বিশ্রাম হইবে।

এই সময় তোপধ্বনি নাগরী পূজার পর হইবে এবং রাত্রি ১০ ঘটিকায় পুনরায় কের আরম্ভ হইবে তখনই তোপধ্বনি হইবে।

৭ই শ্রাবন, ১৪২৬ বাং (২৪শে জুলাই, ২০১৯ ইং) বুধবার সকাল ৫ ঘটিকায় কের ছাড়িবে এবং তখনই তোপধ্বনি হইবে।

--ঃ প্রতিপাল্য নিয়ম ঃ--

১) কেরের সময় কেরের সীমানার মধ্যে কোন লোকের জন্ম বা মৃত্যু হইলে কের ভঙ্গ হইবে। অতএব পূর্ব হইতে এতৎ সম্বন্ধে অনুসন্ধানক্রমে কোন আসন্ন প্রসবা কিংবা মুমুর্ষ রোগী থাকিলে তাহাদিগকে কের আরম্ভের পূর্বেই স্থানান্তরিত করিতে হইবে।

২) কেরের সময় কেরের সীমানার মধ্যে কোন প্রকার নৃত্য, গীত, বাদ্য ও আমোদ প্রমোদ হইতে পারিবে না এবং গো, মহিষ, ছাগল ইত্যাদি প্রকাশ্য স্থানে যাতায়াত করিতে পারিবে না।

৩) কেরের সময় কেরের সীমানার ভিতরের লোক বাহিরে যাইতে কিংবা বাহিরের লোক ভিতরে আসিতে পারিবে না।

৪) নির্দিষ্ট সংখ্যক পুলিশ কর্মচারী এবং পশ্চিম ত্রিপুরা দেবার্চনের ভারপ্রাপ্ত কর্মীগণ এবং যে কোন ব্যক্তিকে মাননীয় জেলাশাসক বিশেষ ভাবে অনুমতি দেন, তাহারা ভিন্ন অন্য কোন লোক কেরের সময় উক্ত সীমানার মধ্যবর্তী স্থানে যাতায়াত করিতে পারিবে না।

অত্র মেমোতে কের আরম্ভের অর্ধ ঘন্টা পূর্বে খবরদারি তোপধ্বনি করা হইবে। অবগতির বাসনায় প্রতিলিপি প্রেরিত হইল।

ইতি

নান্টু রঞ্জন দাস
ভারপ্রাপ্ত কার্যকারক,
দেবার্চন শাখা, পশ্চিম ত্রিপুরা।

(ডঃ সন্দীপ মহাত্মে নামদেও, আই, এ. এস.)
জেলাশাসক ও সমাহর্তা
পশ্চিম ত্রিপুরা।